
তারিখ 31 JUL 2016
পৃষ্ঠা ৭ ৩ কলাম ৭

সংবাদ



চাঁদপুর : মেঘনার ভাঙনের শিকার হাইমচরের মোল্লাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয় -সংবাদ

# মেঘনার ভাঙনে মোল্লাকান্দি সর. প্রা. স্কুল ভবন নদীতে বিলীন

নিজস্ব বার্তা পরিবেশক, চাঁদপুর

হাইমচর উপজেলার ৫নং হাইমচর ইউনিয়নে কয়েক মুহূর্তের মধ্যে মেঘনার ভয়াবহ ভাঙনে ৩৫নং মোল্লাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ অনেক বসতঘর ও ২টি মাছের আড়ত নদীতে বিলীন হয়ে গেছে। হাইমচরে বর্ষা শুরু হওয়ার পর থেকে মেঘনার ভাঙন প্রকটভাবে দেখা দেয়। ভাঙনে চরাঞ্চলের লোকজন প্রতিনিয়ত ভিটেমাটি হারানোর ভয়ে আতঙ্কের মাঝে বসবাস করছে। প্রতিদিন ভাঙনের কবলে ৪ থেকে ৫ কিলোমিটার ভূমি নদীতে বিলীন হয়ে যাচ্ছে। সরজমিন গিয়ে দেখা গেছে, ৫নং হাইমচর ইউনিয়নের চরাঞ্চলের ছেলেমেয়েদের একমাত্র বিদ্যাপীঠ ৩৫ নং মোল্লাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাকা ভবনটি কয়েক মিনিটের মধ্যে নদীতে চলে যায়। এছাড়াও ওইদিন হাবিব গাজী ও সৈয়দ চকিদারের মাছের আড়তসহ বেশ কটি দোকান মেঘনার ভাঙনের কবলে পড়ে। এ ব্যাপারে ৫নং হাইমচর ইউপি চেয়ারম্যান মো. শাহাদাত সরকার বলেন, হাইমচর ইউনিয়নবাসী বর্তমানে মেঘনার ভাঙ্গন আতঙ্কে রয়েছে। ভাঙনে শত শত পরিবার ভিটেমাটি হারা হয়ে পড়ছে, অনেকেরই বসতঘর নদীরতে বিলীন হয়ে গেছে। ইউনিয়নের ৩৫নং মোল্লাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাকা ভবনটি ভাঙনের কবলে পড়লে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করলে তাদের নির্দেশ মতে কিছু মালামাল উদ্ধার করা সম্ভব হলেও চোখের পলকে ভবনটি নদীতে বিলীন গেছে। হাইমচর ইউনিয়নের যে সব পরিবার মেঘনায় ভাঙনের কবলে পড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের সরকারিভাবে সহায়তার অনুরোধ জানান ক্ষতিগ্রস্তরা।

হাইমচর